

স্মারক নম্বর : ৮০.০০.০০০০.১১১.১১.০৪.২০১৯- ১০০

তারিখ : ১১ শ্রাবণ, ১৪২৬
৩১ জুলাই, ২০১৯

বিষয় : ৩৭ তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু পদ স্বল্পতার কারণে ক্যাডার পদে সুপারিশকৃত নয় এমন প্রার্থীদের মধ্য থেকে নির্বাচন কমিশন সচিবালয়-এর নন-ক্যাডার প্রথম শ্রেণি/৯ম গ্রেডের শূন্য পদে নিয়োগের জন্য সুপারিশ প্রদান।

সূত্র : নির্বাচন কমিশন সচিবালয়ের ১৯ মে ২০১৯ তারিখের ১৭.০০.০০০০.০১৫.১১.০০৬.১১-২৯৩ নম্বর পত্র।

উপর্যুক্ত বিষয়ে নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক সূত্রোক্ত পত্রে নির্বাচন কমিশন সচিবালয়ের হিসাব রক্ষণ কর্মকর্তা [১ম শ্রেণি/৯ম গ্রেড] এর ০১ (এক) টি শূন্য পদে ৩৭তম বিসিএস এর লিখিত ও মৌখিক উভয় পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু পদ স্বল্পতার কারণে ক্যাডার পদে সুপারিশকৃত নয় এমন প্রার্থীদের মধ্য হতে পূরণের জন্য কমিশন সচিবালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়।

২. উক্ত প্রস্তাব কমিশন সমীপে উপস্থাপন করা হলে নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালা-২০১০ অনুসরণে সংশ্লিষ্ট নিয়োগবিধির প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন নিম্নোক্ত ০১ জন প্রার্থীকে তাঁর নামের পার্শ্বে উল্লিখিত পদে মেধা এবং বিদ্যমান কোটা পদ্ধতি অনুযায়ী কমিশন নিয়োগের জন্য সাময়িকভাবে (provisionally) সুপারিশ প্রদান করেছে।

ক্রমিক নম্বর	রেজিঃ নম্বর	প্রার্থীর নাম	পদের নাম	জন্ম তারিখ	জেলা	কোটা
১.	০২৯৫৭৩	সাইফুল ইসলাম	হিসাব রক্ষণ কর্মকর্তা	১৫.০৭.১৯৮৭	কুমিল্লা	মেধা

উল্লেখ্য, পরবর্তীকালে সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীর যে কোনো সময় যোগ্যতার ঘাটতি ধরা পড়লে, দূর্নীতি, জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে, অসত্য তথ্য প্রদান বা অন্য কোনো ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে এবং চাকুরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাকে চাকুরি হতে বরখাস্তকরণ ছাড়াও তার বিরুদ্ধে যে কোনো উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৩. প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সাথে প্রদত্ত তথ্য, ডকুমেন্টস, সনদ ইত্যাদি আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত অঙ্গীকারনামার ভিত্তিতে প্রাথমিকভাবে বিবেচনায় নিয়ে কমিশন এই শর্তে প্রার্থীকে সুপারিশ করেছে যে, নিয়োগের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ সরকারী সিদ্ধান্ত অনুযায়ী পুলিশি তদন্তের মাধ্যমে সকল সনদ/কাগজপত্রের সত্যতা যাচাইপূর্বক নিশ্চিত হয়ে চূড়ান্ত নিয়োগ প্রদান করবেন।

৪. নিয়োগপত্র জারির পূর্বে যথাযথ এজেন্সির মাধ্যমে সুপারিশকৃত প্রার্থীর প্রাক-নিয়োগ চরিত্র যাচাই এবং স্বাস্থ্য অধিদপ্তরের মাধ্যমে বিধি অনুযায়ী স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করতে হবে।

৫. সুপারিশকৃত প্রার্থীর নন-ক্যাডার প্রথম শ্রেণির পদের জন্য প্রার্থী কর্তৃক অনলাইনে জমাকৃত ফরম এবং প্রার্থীর ৩৭তম বিসিএস এর মূল আবেদনপত্র, সংশ্লিষ্ট কাগজপত্রসহ (শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র ও পুলিশ প্রত্যয়ন ফরমসহ) হিসাব রক্ষণ কর্মকর্তা পদে সুপারিশকৃত ০১ জন প্রার্থীর তালিকা এতৎসঙ্গে প্রেরণ করা হলো। উল্লিখিত কাগজপত্রের প্রাপ্তি স্বীকার করতে অনুরোধ করা হলো।

৬. কমিশনের সুপারিশের ভিত্তিতে গৃহীত ব্যবস্থা সম্পর্কে কমিশনকে যথা সময়ে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামত।

সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

১১!
[ও. এন. সিদ্দিকা খানম]
পরিচিতি নম্বর : ৩৯৭৫
সচিব
ফোন : ০২-৫৫০০৬৬২২
ফ্যাক্স : ০২-৫৫০০৬৬২০
ই-মেইল : secretary@bpsc.gov.bd